




ভিকারুনিসা নূন স্কুল এন্ড কলেজ
১/এ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

সকল শাখায় টিফিন শেড ভাড়া/বরাদ্দ করন কাজ

ভিকারুনিসা নূন স্কুল এন্ড কলেজের মূল শাখা সহ অন্যান্য শাখায় ছাত্রীদের টিফিন সরবরাহ কাজ পরিচালনার জন্য প্রতিষ্ঠান চত্বরে ৫টি ক্যান্টিন শেড ভাড়া দেওয়ার নিমিত্তে রেইস্ট্রেন্ট পরিচালনায় স্বনামধন্য ও দক্ষ খাদ্য সরবরাহকারী আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে।

১.	কোটেশন স্মারক নং	ভি.এন.এস./ ৬০৭ /২২ তারিখঃ ০৫/০৫/২০২২ইং
২.	কাজের বিবরণ	স্কুল এন্ড কলেজের সকল শাখায় ছাত্রীদের টিফিন সরবরাহ কাজের জন্য শেড ভাড়া
৩.	কোটেশন জমা দেয়ার শেষ তারিখ ও সময়	১১/০৫/২০২২ ইং, বুধবার বেলা ১২:০০ টা পর্যন্ত।
৪.	কোটেশন খোলার তারিখ ও সময়	১১/০৫/২০২২ ইং, বুধবার দুপুর ২:০০ টা।

আগ্রহী প্রতিষ্ঠানকে কোটেশন জমা দেওয়ার জন্য নিজস্ব প্যাডে অধ্যক্ষ, ভিকারুনিসা নূন স্কুল এন্ড কলেজ বরাবর লিখিত আবেদন করতে হবে। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


০৫/০৫/২০২২ সি
অধ্যক্ষ

ভিকারুনিসা নূন স্কুল এন্ড কলেজ

কামরুন নাহার
আইডি নং-৭৫৪৭
অধ্যক্ষ

ভিকারুনিসা নূন স্কুল এন্ড কলেজ
ঢাকা।

ক্যান্টিন বরাদ্দের শর্তাবলী


ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের বিভিন্ন শাখায় অবস্থিত ক্যান্টিন ও বছরের জন্য বরাদ্দ দেওয়া হবে। রেজুইরেন্ট পরিচালনায় স্বনামধন্য ও দক্ষ খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে কোটেশন আহবান করা যাচ্ছে।

বরাদ্দের নীতিমালা নিম্নরূপ:

- ১) ক্যান্টিন ও বছরের জন্য বরাদ্দ দেওয়া হবে। তবে ক্যান্টিন পরিচালনার মান চুক্তির তারিখ থেকে প্রথম ৩ মাস সন্তোষজনক হলে তা কার্যকর হবে।
- ২) ৩ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ ক্যান্টিন পরিচালনাকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অগ্রিম প্রদান করতে হবে।
- ৩) মাসিক ভাড়া হবে নিম্নরূপ:

ক্যান্টিন নং	শাখা ও শিফট	ছাত্রী সংখ্যা	মাসিক ভাড়া (টাকা)
ক	মূল কলেজ, মূল প্রভাতি (সিনিয়র) ও মূল দিবা (৬ষ্ঠ-১০ম)	৭৯২৮ জন	৮০,০০০/-
খ	মূল জুনিয়র, মূল দিবা (১ম-৫ম) ও ইংরেজি ভার্শন প্রভাতী ও দিবা শাখা	৭০৯০ জন	৮০,০০০/-
গ	ধানমন্ডি শাখা (প্রভাতী ও দিবা)	১৭৯৫ জন	৩০,০০০/-
ঘ	বসুন্ধরা শাখা (প্রভাতী ও দিবা)	৪৮০৮ জন	৬০,০০০/-
ঙ	আজিমপুর শাখা (প্রভাতী ও দিবা)	৪১৪০ জন	৬০,০০০/-

- ৪) প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মাসিক ভাড়া পরিশোধ করতে হবে। পর পর দুই মাসের ভাড়ার টাকা বকেয়া থাকলে অতিরিক্ত ১০% সহ মূল ভাড়ার বকেয়া সহ পরিশোধ করতে হবে।
- ৫) ক্যান্টিন পরিচালনাকারী প্রতিষ্ঠানকে ভ্যাট, ট্যাক্স বহন করতে হবে।
- ৬) 'ক্যান্টিন' প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের জন্য খোলা রাখা ও টিফিন বিক্রি করা যাবে।
- ৭) ক্যান্টিন পরিচালনাকারী প্রতিষ্ঠানের নিজস্ব খাবার প্রস্তুত করার মানসম্মত ও পরিবেশ বান্ধব কিচেন থাকতে হবে।
- ৮) তৈরিকৃত খাবার সরবরাহ করবে এবং খাদ্যের গুণগত মান নিয়ন্ত্রণ রাখতে হবে।
- ৯) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত খাদ্যমূল্যের বেশি মূল্য নেওয়া যাবে না। নির্ধারিত খাদ্য তালিকা দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
- ১০) ক্যান্টিন পরিচালনায় নিয়োজিত কর্মচারীদের সর্বদা অ্যাপ্রোন ও টুপি পরিধান অবস্থায় পরিষ্কার ও পরিছন্ন ভাবে শিক্ষার্থীদের টিফিন সরবরাহ করতে হবে।
- ১১) পর্যাপ্ত তৈরিকৃত, গ্লাস, বাটি, সাবান তোয়ালে ও হাত ধৌত করার ব্যবস্থা থাকতে হবে।
- ১২) ক্যান্টিনে কর্মরত সকল কর্মচারীদের ছবি সম্বলিত স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং আইডি কার্ড থাকবে। নতুন কোন কর্মচারী নিয়োগ হলে তা স্কুল কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- ১৩) বহিরাগতদের কোন ভাবেই খাবার সরবরাহ করা যাবে না।
- ১৪) বৈদ্যুতিক হিটার, চুলা ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- ১৫) কর্তৃপক্ষের অনুমতি ছাড়া মেনুতে নতুন কোন খাবার যুক্ত বা মূল্য তালিকার পরিবর্তন করা যাবে না।
- ১৬) চুক্তির মেয়াদের যে কোন সময়ে দু'মাসের নোটিশে ক্যান্টিনের খাবার সরবরাহ থেকে অব্যাহতি নেওয়া যাবে বা কর্তৃপক্ষ নিজ দায়িত্বে অব্যাহতি দিতে পারবে।
- ১৭) কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অন্য কাউকে দিয়ে ক্যান্টিন পরিচালনা করা যাবে না। এ নিয়মের ব্যত্যয় ঘটলে জামানতের টাকা বাজেয়াপ্তসহ কর্তৃপক্ষ আইনগত ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।
- ১৮) ক্যান্টিনে নিষিদ্ধ এবং শিক্ষার্থীদের জন্য ক্ষতিকর এমন কোন খাবার বিক্রয় করা সম্পূর্ণ নিষেধ।
- ১৯) ভাড়ার বাহিরে ইউটিলিটি ও অন্যান্য বিল নিজে বহন করবে এবং ক্যান্টিনে ব্যবহৃত সকল মালামালের একটি তালিকা তৈরী করে অফিসে জমা দিতে হবে।
- ২০) টিফিন বিক্রির কাজে কোন প্রকার অভিযোগ আসলে তা যাচাই করে এবং অভিযোগ প্রমাণিত হলে জামানতের টাকা বাজেয়াপ্ত সহ তার চুক্তি বাতিল করা হবে। এক্ষেত্রে কোন প্রকার আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ২১) কর্তৃপক্ষ শুধুমাত্র নির্দিষ্ট সেড ব্যবহার করার অনুমতি দিবে। ক্যান্টিন সংস্কার এবং পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ নির্দিষ্ট সময়ে নিজ দায়িত্বে সম্পাদান করবে।
- ২২) উপরোল্লিখিত শর্তসমূহ কর্তৃপক্ষ (প্রতিষ্ঠান) প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করবে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গৃহীত হবে।



কামরুন নাহার

অধ্যক্ষ

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ
কামরুন নাহার
আইডি নং-৭৫৪৭
অধ্যক্ষ
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ
ঢাকা।